# মো: সুজন রহমান

উদ্ভাবক: FLASH GUARD PREMIUM



# FLASH GUARD PREMIUM

**নিশিরাতের অতন্দ্র প্রহরী..........**

## উদ্ভাবকের পক্ষ থেকে একটি বিশেষ বার্তা :

### সম্মানিত গ্রাহক......

- বিসমিল্লাহির রাহমানির রাহিম। শুরুতেই আমি আপনার কাছে বিনয়ের সাথে একটি বিষয় পরিষ্কার করতে চাই। Flash Guard Premium কোনো রোবটিক ফ্যাক্টরিতে তৈরি করা সাধারণ প্লাস্টিক পণ্য নয়। এটি আমার দীর্ঘ ৬ বছরের গবেষণার ফসল এবং সম্পূর্ণ নিজ হাতে (Handmade) তৈরি একটি বিশেষ ডিভাইস। হাতে তৈরি হওয়ার কারণে এর বাহ্যিক ফিনিশিং বা পালিশে সামান্য অপূর্ণতা থাকতে পারে, যা আমি একান্তভাবে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ করছি। তবে আমি আপনাকে কথা দিচ্ছি—ডিভাইসটির অভ্যন্তরীণ প্রযুক্তি, স্থায়িত্ব এবং আপনার সম্পদ রক্ষার অজেয় ক্ষমতায় আমি এক চুলও আপস করিনি। বাহ্যিক চাকচিক্য নয়, আমি গুরুত্ব দিয়েছি আপনার সম্পদের নিশ্ছিদ্র নিরাপত্তার ওপর। ইনশাআল্লাহ, এই পাহারাদার আপনার আস্থার মর্যাদা রাখবে।

## উদ্যোক্তার প্রতিশ্রুতি...

- **আমি কোনো বড় কর্পোরেট কোম্পানি নই, আমি একজন উদ্ভাবক যে আপনার কষ্টার্জিত সম্পদের মূল্য মন থেকে বোঝে। আপনার নিরাপত্তা এবং নিশ্চিন্ত ঘুমই আমার ৫ বছরের গবেষণার পরম সার্থকতা।**

## যোগাযোগ....


Flash Guard BD

www.flashpickbd.com

০১৮৫৩-৬৪ ২২ ৩১

recbaagro@gmail.com

আসমত আলী খান সেতু সংলগ্ন,চরপখিরা,কুলপদ্দি-৭৯০২, মাদারীপুর সদর।

# FLASH GUARD PREMIUM

নিশিরাতের অতন্দ্র প্রহরী..........

## FLASH GUARD PREMIUM: অফিসিয়াল ইউজার গাইড ও টেকনিক্যাল ম্যানুয়াল....

### কেন ফ্ল্যাশ গার্ড প্রিমিয়াম পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ নিরাপত্তা সমাধান?

- অদৃশ্য ট্রিগার প্রযুক্তি (Stealth Trigger): আমরা কোনো গতানুগতিক সেন্সর ব্যবহার করি না। এটি এমন এক গোপন প্রযুক্তিতে চলে যা চোর বাইরে থেকে দেখতেই পায় না। যা দেখা যায় না, তা বাইপাস (ফাঁকি দেওয়া) করা অসম্ভব।
- অদম্য লকিং লজিক (Auto-Latch): চোর যদি দরজা খুলে সাথে সাথে আবার লাগিয়েও দেয়, তবুও ইনশাআল্লাহ আপনার ঘরের অ্যালার্ম বাজতেই থাকবে। যতক্ষণ না আপনি নিজে ঘর থেকে সিস্টেম রিসেট করছেন, এটি বন্ধ হবে না।
- কিলোমিটার ব্যাপী রেঞ্জ (Extended Range): উন্নত সিগন্যাল প্রযুক্তির কারণে আপনার ঘর থেকে ১.৫ থেকে ৩ কিলোমিটার দূরে মুহূর্তেই সঠিক সংকেত পাবেন।
- ১০ টাকা মাসিক খরচ: এটি সম্পূর্ণ অফলাইন প্রযুক্তি। কোনো ইন্টারনেট বা ওয়াইফাই ছাড়াই চলে। পুরো মাসের বিদ্যুৎ বিল মাত্র ১০ টাকারও কম!

### হার্ডওয়্যার ম্যাপ ও প্যানেল পরিচিতি (Port Guide)

(আপনার ডিভাইসের প্রতিটি পোর্টকে আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী ইংরেজিতে লেবেল করা হয়েছে)

- ALARM OUTPUT: এখানে উচ্চ শব্দের সাইরেন বা হর্নটি সংযোগ করুন।
- MAIN POWER (12V DC): বক্সের সাথে দেওয়া রেগুলেটেড ১২ ভোল্ট অ্যাডাপ্টারটি এখানে যুক্ত করুন।
- BATTERY BACKUP: বিদ্যুৎ চলে গেলেও পাহারা সচল রাখতে এখানে ১২ভি ব্যাটারি বা আমাদের 'মিনি ইউপিএস' যুক্ত করুন।
- FARM SENSOR (SECRET): আপনার সম্পদের অদৃশ্য পাহারার লুপ লাইনটি এখানে যুক্ত হবে।
- EXT. LIGHT: বাড়ির বাইরে ব্যবহারের জন্য ২০ ওয়াট বাতিটি এখানে লাগান। বাতি জ্বলে থাকা মানে আপনার সিকিউরিটি সিস্টেম এখন সচল।
- SYSTEM RESET: বিপদ সংকেত বাজার পর পরিস্থিতি পর্যবেক্ষণ করে এই সুইচের মাধ্যমে সিস্টেম স্বাভাবিক করুন।

### স্মার্ট অডিও-ভিজ্যুয়াল ফিডব্যাক (Smart Feedback)

ডিভাইসটি চালানোর সময় এর ভাষা বুঝুন:

- সিস্টেম অন: একটি সংক্ষিপ্ত বিপ (Beep) সাউন্ড হবে এবং বাইরের বাতি জ্বলে উঠবে।
- সিস্টেম অফ: একটি লম্বা বিপ সাউন্ড হবে এবং বাতি নিভে যাবে।
- বিপদ সংকেত: কোনো অনাকাঙ্ক্ষিত প্রবেশের চেষ্টা হলে সাইরেন বিকট শব্দে বাজতে শুরু করবে।

- রক্ষণাবেক্ষণ ও ২০ বছরের দীর্ঘস্থায়ীত্ব টিপস
- ১০০% শকমুক্ত: এই ডিভাইসটি মাত্র ১২ ভোল্টে চলে, তাই হাত দিয়ে তার ধরলে বা বৃষ্টিতে ভিজলেও ইনশাআল্লাহ কোনো শকের ভয় নেই। এটি শিশু ও প্রাণীদের জন্য সম্পূর্ণ নিরাপদ।
- ভ্যাসলিন টিপস: সংযোগস্থল দীর্ঘস্থায়ী করতে প্রতি ৬ মাস অন্তর ডিভাইসের ইনপুট-আউটপুট পোর্টগুলোতে সামান্য পেট্রোলিয়াম জেলি বা ভ্যাসলিন ব্যবহার করুন। এতে জং ধরা থেকে মুক্তি মিলবে।
- সতর্কতা: ডিভাইসের বডির ইপোক্সি সিল বা হার্ড লক খোলার চেষ্টা করবেন না এবং অন্য কোনো উচ্চ ভোল্টেজের অ্যাডাপ্টার ব্যবহার করবেন না।

# FLASH GUARD PREMIUM

নিশিরাতের অতন্দ্র প্রহরী..........

## FLASH GUARD PREMIUM: অফিসিয়াল ইউজার গাইড ও টেকনিক্যাল ম্যানুয়াল....

**৫ বছরের ডিজিটাল রিপ্লেসমেন্ট গ্যারান্টি**

**আপনার ৫ বছরের নিশ্চিন্ত গ্যারান্টি সক্রিয় করতে পণ্য ক্রয়ের ৭ (সাত) দিনের মধ্যে নিচের কাজগুলো সম্পন্ন করা বাধ্যতামূলক:**

- ডিভাইসের ওপর থাকা QR Code টি স্ক্যান করে আমাদের অফিসিয়াল পোর্টালে যান।
- আপনার নাম, মোবাইল নম্বর এবং ডিভাইসের ইউনিক সিরিয়াল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- (নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন না করলে গ্যারান্টি কার্যকর হবে না)


**সাইরেন সংযোগ**

**বাইরের বাতি (Light Out)**

**(Secret Loop): আপনার খামারের গোপন পাহারার তারটি এই পোর্টে যুক্ত হবে।**




**রিসেট সুইচ: অ্যালার্ম বাজার পর বা ডিভাইস নতুন করে পাহারা শুরু করার আগে এই সুইচটি অফ করে অন করুন।**



**মেইন পাওয়ার (12V DC)**

**ব্যাকআপ ব্যাটারি/ ইউপিএস**



আমি যে ধরনের শর্ট ফিমেল ক্যাবল দিয়েছি দয়া করে এগুলো ব্যবহার করার চেষ্টা করুন একটু খুঁজলেই আপনার স্থানীয় মার্কেটে এগুলো পেয়ে যাবেন। বিশেষ করে আপনার সেফটির জন্য বাইরে যে দুটি তার গিয়েছে সে তার দুটি সংযোগস্থল ভালো করে চেক করুন তা না হলে মিস অ্যালার্মের সম্ভাবনা থাকবে।

YouTube

আমার ইউটিউব চ্যানেলের এ বিষয়ে যত ভিডিও আছে তার লিংক দিয়ে দিলাম এই প্লে লিস্ট থেকে আপনি ভিডিওগুলো দেখলেও ডিভাইসটি ব্যবহার করার উপায় জেনে যাবেন।

লক্ষ্য করুন আপনার মূল ঘর থেকে বাইরে যে তারটি যাবে এই তারের উপর বাইরে থেকে কোন নিয়ন্ত্রণ থাকবে না। এটি কেটে দিলেও আপনার ঘরে সাইরেন বাঁচবে কেটে দিয়ে জোড়া লাগানোর চেষ্টা করলেও মানে একবার সাইরেন বেঁচে গেলে এটা আর বাইরে থেকে বন্ধ করা সম্ভব নয়। তাই বাইরে থাকা তার নিয়ে আপনি কোন চিন্তা করবেন না তারপরও আমরা সিকিউরিটির ক্ষেত্রে যখন আপনার সংযোগগুলো হয়ে যাবে তখন তারটি একবারে গোপনীয়তা ভাবে নেওয়ার চেষ্টা করুন। আগেই তার গোপনীয় ভাবে নেওয়ার চেষ্টা করবেন না আগে সংযোগ দিয়ে পরীক্ষা করুন তা না হলে তারটি আবার বের করতে হবে।সংযোগ দেওয়ার সময় কালো তার লাল তার এগুলো আপনাকে মনে রাখতে হবে না এগুলোর কোন সমস্যা নেই যে কোন এক জায়গায় কালো অথবা লাল তার আপনার হাতের কাছে থাকা রঙের তার ব্যবহার করলেই হবে। একটি বিষয় অবশ্যই গুরুত্বসহকারে মনে রাখবেন তা হচ্ছে এই তারের মধ্য দিয়ে কোনরকম বৈদ্যুতিক সিগন্যাল যায় না বা কোন কারেন্ট প্রবাহিত হয় না এটা দিয়ে শুধু এক ধরনের সিগনাল যায় আপনার মূল ঘরে। তাই এই তারটি পশু পাখি এবং আপনার জন্য ১০০% নিরাপদ রোদ বৃষ্টি অথবা পানিতে ভিজলেও সমস্যা নেই।

## এখানে একটি দরজায় যেভাবে কানেকশন দিবেন এটা দেখানো হয়েছে.......................




তার দুটি মূল বসত ঘর থেকে এনে যে দরজা আপনি পাহারায় রাখবেন সে দরজার অবশ্যই ভিতরের ফ্রেমে দুটি এলমনিয়ামের ফয়েল পাশাপাশি লাগিয়ে দিতে হবে। একটু ফাঁকা রেখে এবং দরজার পাল্লার সাথে একটি অ্যালুমিনিয়াম ফয়েল এমন ভাবে লাগাতে হবে। যেন এটা বন্ধ অবস্থায় ফ্রেমে থাকা দুটি অ্যালুমিনিয়ামের উপর এসে ঠিকভাবে  লেগে যায়। অবশ্যই চাপ লাগবে হবে। ছবিতে লাল এবং হলুদ কালার চিহ্ন দিয়ে এলমনিয়াম ফয়েল লাগানোর স্থান দেখিয়ে দেওয়া হয়েছে।

এলমনিয়াম ফয়েল যারা অন টাইম গ্লাসপ্লেট বিক্রি করে এদের দোকানে পাওয়া যায়
100 টাকা বান্ডিল
একটি ফয়েল বান্ডেল দিয়ে প্রায় 40 থেকে 50 টি দরজায় কানেকশন দেওয়া যায়



দরজা এবং জানালায় লাগানোর জন্য একটু মোটা করে ভাঁজ করে নিয়েছি

লোহার দরজায় এবং থাই জানালায় আটকানোর জন্য আমি GlueGun আঠা ব্যবহার করেছি। এটা স্থানীয় বাজারে 220 টাকা বা তার আশেপাশে মূল্যে পেয়ে যাবেন। এবং এটার প্রতিটা আঠার মূল্য ২০ টাকা এটা দিয়ে করলে জিনিসটা সুন্দর এবং লং লাস্টিং হয়। যেহেতু আমাদের প্রতিষ্ঠান অলরেডি তৈরি হয়ে গিয়েছে তাই এগুলোর মধ্যে আর কাটাছেঁড়া করা সম্ভব নয়। যদি কাঠের দরজা হয় তাহলে বিকল্প হিসেবে ছোট তারকাটা ব্যবহার করতে পারেন।







থাই জানালা,দোকানের শাটার এবং কেচি গেট কানেকশন দেওয়ার জন্য দয়া করে ভিডিওটি দেখে আসুন।

একাধিক দরজায় যেভাবে কানেকশন দিবেন। সকল ধরনের কানেকশন দরজার ভিতরে হবে মানে বাইরের পাশে হবে না।






# FLASH GUARD PREMIUM

নিশিরাতের অতন্দ্র প্রহরী..........

## FLASH GUARD PREMIUM: অফিসিয়াল ইউজার গাইড ও টেকনিক্যাল ম্যানুয়াল....




- ইলেকট্রিক দোকানে গিয়ে বললেই হবে ২৩/৭৬ লতা অথবা ডাবল তার আপনার প্রয়োজন অনুযায়ী কিনতে পারেন কোনমতেই মোটা গুনা তার ব্যবহার করবেন না। কারণ এটাতে মিডিয়াম দামের তার ব্যবহার করতে হবে নিম্নমানের তার এড়িয়ে চলুন ভেতরে যেন একটু বেশি পরিমাণে পাতলা গুনা থাকে এবং অবশ্যই তামার হতে হবে। এক্ষেত্রে আপনি অবশ্যই আমার দেওয়া স্যাম্পল তারটি ফলো করতে পারেন এলমনিয়াম ফয়েলের সাথে দেখেন ছোট পরিমাণে লাগানো আছে।

- আপনারা যারা দোকানে শার্টারে সংযোগ দিবেন তাদের ক্ষেত্রে এক ধরনের ম্যাগনেটিক সুইচ আছে একই নিয়মে সংযোগ দিলেই হবে ভেতরের দিক দিয়ে। দোকানে ম্যাগনেটিক সুইচ ব্যবহার করার কারণ হচ্ছে শাটার প্রতিনিয়ত উঠানামা করতে হয়।

- আপনার প্রয়োজন অনুযায়ী আমাদের ৩টি বিশেষ প্যাকেজ
- আমরা প্রতিটি গ্রাহকের বাজেট এবং প্রয়োজন অনুযায়ী প্যাকেজগুলো সাজিয়েছি। মনে রাখবেন, সব প্যাকেজের মূল ডিভাইসে ৫ বছরের রিপ্লেসমেন্ট গ্যারান্টি থাকছে।
- ১. প্যাকেজ এক: ক্লাসিক এডিশন (Flash Guard Classic)
- এটি আমাদের সবচেয়ে জনপ্রিয় এবং সাশ্রয়ী প্যাকেজ। যারা ঘরের পাশের খামার, গ্যারেজ বা গেট পাহারা দিতে চান তাদের জন্য এটি সেরা।
- প্যাকেজে যা যা পাবেন: মূল কন্ট্রোল ইউনিট, হাই-ভলিউম সাইরেন, ১-হোলের বোর্ড (রিসেট সুইচসহ), পাওয়ার অ্যাডাপ্টার, ২০ ওয়াট ইন্ডিকেটর বাতি এবং প্রফেশনাল কানেক্টর।
- উপযোগিতা: গরু/ছাগলের ছোট খামার, ইজিবাইক গ্যারেজ এবং সাধারণ দরজার সুরক্ষায়।
- ২. প্যাকেজ দুই: প্রো-ব্যাকআপ এডিশন (Flash Guard Pro-Sensor)
- যারা দরজার পাহারার পাশাপাশি চোরের নড়াচড়াও ধরতে চান, তাদের জন্য এই প্যাকেজ।
- প্যাকেজে যা যা পাবেন: প্যাকেজ এক-এর সব মালামাল + অতিরিক্ত স্মার্ট মোশন সেন্সর এবং ইন-বিল্ট অটো ব্যাকআপ সিস্টেম।
- উপযোগিতা: চোর যদি দরজা দিয়ে না ঢুকে চাল বা দেওয়াল কেটে ঢুকে, তবে সেন্সর তাকে ধরে ফেলবে। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করলেও এটি সচল থাকে।
- ৩. প্যাকেজ তিন: প্রিমিয়াম এলিট এডিশন (Flash Guard Elite-Silent)
- এটি আমাদের সবচাইতে আভিজাত্যপূর্ণ এবং আধুনিক সংস্করণ। বড় দোকান বা কয়েক কিলোমিটার দূরের প্রতিষ্ঠানের জন্য এটি তৈরি।
- প্যাকেজে যা যা পাবেন: ডাবল ইউনিট সেট (খামার দোকান বা ব্যবসায়ী প্রতিষ্ঠানের জন্য ১টি ও ঘরের জন্য ১টি), আকর্ষণীয় পার্টেক্স উড ফিনিশ বক্স, মিনি ইউপিএস (৭ রাত ব্যাকআপ) এবং ডিজিটাল সিস্টেম।
- উপযোগিতা: সাইলেন্ট প্রোটেকশন। চোর জানবে না, কিন্তু আপনার ঘরে এলার্ম চলে আসবে। ২ থেকে ১৫ কিমি দূরের প্রতিষ্ঠানের জন্য এটি একমাত্র সমাধান।